

২। শতাব্দীর সূর্য আজি রক্ত মেঘ-মাঝে (৬৪ সংখ্যক কবিতা)

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তর ✓ দ্বারা চিহ্নিত কর।

১। ‘শতাব্দীর সূর্য আজি’ কবিতাটি কার লেখা?

- (ক) মধুসূদন দত্ত (খ) রবীন্দ্রনাথ ঠাকুর  
(গ) বিহারিলাল চক্রবর্তী (ঘ) নজরুল ইসলাম

উত্তর: (খ) রবীন্দ্রনাথ ঠাকুর।

২। ‘শতাব্দীর সূর্য আজি’ কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্গত ?

- (ক) গীতালি (খ) গীতিমাল্য  
(গ) সঞ্চয়িতা (ঘ) নৈবেদ্য

উত্তর: (ঘ) নৈবেদ্য।

৩। ‘শতাব্দীর সূর্য আজি’ ‘নৈবেদ্য’ কাব্যগ্রন্থের কত সংখক কবিতা?

- (ক) ৬১ (খ) ৬৪  
(গ) ৭২ (ঘ) ৭৮

উত্তর: (খ) ৬৪।

৪। ‘শ্মশানকুকুরদের কাড়াকাড়ি -গীতি’। - শ্মশানকুকুরদের সঙ্গে কাদের তুলনা করা হয়েছে?

- (ক) রাজনৈতিক নেতাদের (খ) একশ্রেণির ইংরেজ অনুগত কবিদের  
(গ) ভন্ড দেশপ্রেমিকদের (ঘ) সুবিধাবাদী

উত্তর: (খ) একশ্রেণির ইংরেজ অনুগত কবিদের।

৫। ‘শতাব্দীর সূর্য’ বলতে কি বোঝানো হয়েছে?

- (ক) একশো বছরের সূর্য (খ) প্রতীক সূর্য  
(গ) ঊনবিংশ শতাব্দীর শেষ প্রহরের সূর্য (ঘ) শতাব্দী ব্যাপ্ত প্রজ্বলিত সূর্য

উত্তর: (গ) ঊনবিংশ শতাব্দীর শেষ প্রহরের সূর্য।

৬। ‘হিংসার উৎসব’ শব্দের অর্থ কি?

- (ক) সাম্রাজ্যবাদী শক্তির তাণ্ডব (খ) রক্তপাতের উৎসব  
(গ) উৎসবে হিংস্রতার প্রকাশ (ঘ) এর কোনোটাই নয়

উত্তর: (ক) সাম্রাজ্যবাদী শক্তির তাণ্ডব।

৭। ‘দয়াহীন সভ্যতা নাগিনী’ বলতে কোন সভ্যতাকে বোঝানো হয়েছে?

(ক) প্রাচ্য সভ্যতা

(খ) জার্মান সভ্যতা

(গ) পশ্চিমী সভ্যতা

(ঘ) মিশরীয় সভ্যতা

উত্তর: (গ) পশ্চিমী সভ্যতা।

৮। ভদ্রবেশে কি জেগে উঠেছে?

(ক) বর্বরতা

(খ) মান্যতা

(গ) সততা

(ঘ) নিষ্ঠুরতা

উত্তর: (ক) বর্বরতা।

৯। ধর্মেরে কিসে ভাসাতে চায় ?

(ক) বলের বন্যায়

(খ) মহাশূন্যে

(গ) জলে

(ঘ) স্থলে

উত্তর: (ক) বলের বন্যায়।

১০। ভীতি জাগিয়ে কারা চিৎকারিছে ?

(ক) কবিদল

(খ) সাধারণ মানুষ

(গ) সাম্রাজ্যবাদীরা

(ঘ) জগৎ ত্রাতা

উত্তর: (ক) কবিদল।

১১। কড়াকড়ি গীতি কাদের?

(ক) হিংস্র জন্তুদের

(খ) শ্মশান কুকুরদের

(গ) বেদনার্ত শাবকদের

(ঘ) ক্ষুধার্ত মানুষের

উত্তর: (খ) শ্মশান কুকুরদের।

১২। স্বার্থে স্বার্থে কি বেঁধেছে?

(ক) সংঘাত

(খ) লড়াই

(গ) যুদ্ধ

(ঘ) মতবিরোধ

উত্তর: (ক) সংঘাত।

১৩। লোভে লোভে কি ঘটেছে?

(ক) সংগ্রাম

(খ) মারামারি

(গ) হাতাহাতি

(ঘ) লড়াই

উত্তর: (ক) সংগ্রাম।

১৪। ভদ্রবেশী বর্বরতা কোথা থেকে জেগে উঠেছে?

(ক) পঙ্কশয্যা থেকে

(খ) পাতাল থেকে

(গ) সমুদ্র থেকে

(ঘ) মাটি থেকে

উত্তর: (ক) পঙ্কশয্যা থেকে।

১৫। লজ্জা শরম 'তেয়াগি'- তেয়াগি শব্দের গদ্যরূপ কি?

(ক) স্নেহের সাথে

(খ) ভালবেসে

(গ) ত্যাগ করি

(ঘ) অবজ্ঞার সাথে

উত্তর: (গ) ত্যাগ করি।

১৬। সভ্যতাকে তুলনা করা হয়েছে কার সঙ্গে ?

(ক) শূগাল

(খ) সিংহ

(গ) দয়াহীন নাগিনী

(ঘ) অজগর

উত্তর: (গ) দয়াহীন নাগিনী।

১৭। ভাবের দিক থেকে 'শতাব্দীর সূর্য আজি' কোন শ্রেণির কবিতা?

(ক) রাজনৈতিক

(খ) স্তোত্রধর্মী

(গ) পৌরাণিক

(ঘ) দেশপ্রেমমূলক

উত্তর: স্তোত্রধর্মী।